গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সাধারণ শাখা)
www.natore.gov.bd

# বাংলা নববর্ষ-১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : আসমা শাহীন, জেলা প্রশাসক, নাটোর
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর
তারিখ : ০৪ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ
সময় : বেলা ১২: ০০ টা
উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট ''ক''

বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। পহেলা বৈশাখে বাংলা নববর্ষ পালন বাংলাদেশের সকল জাতি-গোষ্ঠীর সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। প্রতি বছর নানা উৎসব আয়োজনের মধ্য দিয়ে বাংলা নতুন বছরকে বরণ করা হয়ে থাকে। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত জাতীয় কর্মসূচি সভায় সকলকে অবহিত করেন। বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপনের জন্য বিস্তারিত আলোচনান্তে কেন্দ্রীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে জেলা পর্যায়ে নিম্নবর্ণিত কর্মসূচি ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**২.০। কর্মসূচি:**

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | অনুষ্ঠানের স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ০১ বৈশাখ ১৪৩৩<br>সকাল ০৭:৩০ টা | বৈশাখী শোভাযাত্রা | মহারাজা জে এন স্কুল এন্ড কলেজ হতে নাটোর রাজবাড়ী চত্বর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২. | ০১ বৈশাখ ১৪৩৩<br>সকাল ০৮:০০ টা হতে<br>বিকাল ০৫:০০ টা | বৈশাখী মেলার উদ্বোধন, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ | উন্মুক্ত মঞ্চ<br>নাটোর রাজবাড়ী | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ৩. | ০১ বৈশাখ ১৪৩৩<br>সকাল ০৮:৩০ টা | চিত্রাংকন প্রতিযোগিতা | নাটোর রাজবাড়ী চত্বর | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা নাটোর |
| ৪. | ০১ বৈশাখ ১৪৩৩<br>সকাল ০৮:০০ টা হতে<br>বিকাল ০৫:০০ টা | বৈশাখী মেলা | নাটোর রাজবাড়ী চত্বর | সংশ্লিষ্ট উপ-কমিটি |

**৩। বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে আয়োজনের জন্য নিম্নরূপ উপ-কমিটিসমূহ গঠন করা হলো:**

**৩.১: বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে বৈশাখী শোভাযাত্রা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর | আহ্বায়ক |
| ২. | পুলিশ সুপার, নাটোর-এর প্রতিনিধি | সদস্য |
| ৩. | সিভিল সার্জন, নাটোর-এর প্রতিনিধি | সদস্য |
| ৪. | প্রশাসক, নাটোর পৌরসভা, নাটোর-এর প্রতিনিধি | সদস্য |
| ৫. | উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটোর | সদস্য |
| ৬. | সহকারী কমিশনার (ভূমি), নাটোর সদর, নাটোর | সদস্য |
| ৭. | জেলা শিক্ষা অফিসার, নাটোর | সদস্য |
| ৮. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাটোর | সদস্য |
| ৯. | সুপার, পিটিআই, নাটোর | সদস্য |
| ১০. | তথ্য অফিসার, নাটোর | সদস্য |
| ১১. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নাটোর | সদস্য |
| ১২. | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অফিস, নাটোর | সদস্য |
| ১৩. | উপ-ব্যবস্থাপক, বিসিক, নাটোর | সদস্য |
| ১৪. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, নাটোর | সদস্য |
| ১৫. | লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর | সদস্য |
| ১৬. | জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, নাটোর | সদস্য |
| ১৭. | জেলা ক্রীড়া অফিসার, নাটোর | সদস্য |
| ১৮. | সাধারণ সম্পাদক, ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরী, নাটোর | সদস্য |
| ১৯. | নির্বাহী পরিচালক, আলো এনজিও, নাটোর | সদস্য |
| ২০. | জনাব ইঞ্জি: শেখ ফরিদ, বীর মুক্তিযোদ্ধা, নাটোর | সদস্য |
| ২১. | জনাব মোঃ মনিমুল হক, উত্তর পটুয়াপাড়া, নাটোর | সদস্য |

**কর্মপরিধি:** গঠিত উপ-কমিটি বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি অনুযায়ী বৈশাখী শোভাযাত্রা আয়োজন ও সার্বিক প্রস্তুতি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৩.২: বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে বৈশাখী মেলা আয়োজন উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ১. | উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর | আহ্বায়ক |
| ২. | পুলিশ সুপার, নাটোর-এর প্রতিনিধি | সদস্য |
| ৩. | সিভিল সার্জন, নাটোর-এর প্রতিনিধি | সদস্য |
| ৪. | সহকারী কমিশনার (ভূমি), নাটোর সদর, নাটোর | সদস্য |
| ৫. | তথ্য অফিসার, নাটোর | সদস্য |
| ৬. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নাটোর | সদস্য |
| ৭. | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অফিস, নাটোর | সদস্য |
| ৮. | উপ-ব্যবস্থাপক, বিসিক, নাটোর | সদস্য |
| ৯. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, নাটোর | সদস্য |
| ১০. | লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর | সদস্য |
| ১১. | জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, নাটোর | সদস্য |
| ১২. | জেলা ক্রীড়া অফিসার, নাটোর | সদস্য |
| ১৩. | সাধারণ সম্পাদক, ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরী, নাটোর | সদস্য |
| ১৪. | নির্বাহী পরিচালক, আলো এনজিও, নাটোর | সদস্য |

**কর্মপরিধি:** গঠিত উপ-কমিটি বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি অনুযায়ী বৈশাখী মেলা আয়োজনের সার্বিক প্রস্তুতি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৩.৩: বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে আইন শৃংখলা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ১. | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,নাটোর | আহবায়ক |
| ২. | অতিরিক্ত পুলিশ সুপার, নাটোর সদর সার্কেল, নাটোর | সদস্য |
| ৩. | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নাটোর | সদস্য |
| ৪. | সহকারী কমিশনার, জে এম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর | সদস্য |
| ৫. | অফিসার ইনচার্জ, নাটোর থানা, নাটোর | সদস্য |
| ৬. | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, নাটোর | সদস্য |

**কর্মপরিধি:** গঠিত উপ-কমিটি বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিতে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৩.৪: বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রচার উপ-কমিটি**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নাটোর | আহবায়ক |
| ২. | নেজারত ডেপুটি কালেক্টর, নাটোর | সদস্য |
| ৩. | তথ্য অফিসার, নাটোর | সদস্য |
| ৪. | সহকারী কমিশনার, শিক্ষা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর | সদস্য |
| ৫. | সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব (সকল), নাটোর | সদস্য |

**কর্মপরিধি:** গঠিত উপ-কমিটি বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিতে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৩.৫: বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটিঃ**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর | আহবায়ক |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর | সদস্য |
| ৩. | নেজারত ডেপুটি কালেক্টর, নাটোর | সদস্য |
| ৪. | রেভিনিউ ডেপুটি কালেক্টর, নাটোর | সদস্য |
| ৫. | সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর | সদস্য |
| ৬. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, নাটোর | সদস্য |
| ৭. | জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমী, নাটোর | সদস্য |
| ৮. | সাধারণ সম্পাদক, ভিক্টোরিয়া পাবলিক লাইব্রেরী, নাটোর | সদস্য |
| ৯. | সভাপতি/ সাধারণ সম্পাদক, নাটোর প্রেস ক্লাব/ইউনাইটেড প্রেস ক্লাব/ইউনিক প্রেস ক্লাব, নাটোর | সদস্য |
| ১০. | সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতি সংস্থা (জাসাস), নাটোর | সদস্য |
| ১১. | সভাপতি/সাধারণ সম্পাদক, ইছলাবাড়ী বাউল সংগঠন, নাটোর | সদস্য |
| ১২. | সভাপতি/সম্পাদক, মনোবিনা সংঘ, নাটোর | সদস্য |
| ১৩. | সম্পাদক, নাটোর সংগীত বিদ্যালয়, নাটোর | সদস্য |
| ১৪. | সভাপতি/সম্পাদক, ভোলামন বাউল সংগঠন, নাটোর | সদস্য |

১৫. সভাপতি/সম্পাদক, সাকাম, নাটোর — সদস্য
১৬. সভাপতি/সম্পাদক, ইংগিত থিয়েটার, নাটোর — সদস্য
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, রূপসী বাংলা আবৃত্তি শিক্ষালয়, ভিক্টোরিয়া লাইব্রেরী (৩য় তলা), নাটোর। — সদস্য
১৮. সভাপতি/সাধারণ সম্পাদক, নূপুর, ধিন তা-না, নৃত্য সংগঠন, নাটোর — সদস্য
১৯. সাধারণ/সম্পাক, লালন একাডেমী, নাটোর। — সদস্য
২০. সাধারণ সম্পাদক, রবীন্দ্র সংগীত সম্মিলন পরিষদ, নাটোর। — সদস্য
২১. জেলা কালচারাল অফিসার কর্তৃক মনোনীত অন্যান্য শিল্পী ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান — সদস্য

**কর্মপরিধি:** গঠিত উপ-কমিটি বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি অনুযায়ী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**৪। নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য গৃহীত অন্যান্য সিদ্ধান্তসমূহ:**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য অতিশীঘ্র সংশ্লিষ্ট উপ-কমিটিসমূহের সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো। উপ-কমিটির আহ্বায়কগণ প্রয়োজনে অতিরিক্ত সদস্য কো-অপ্ট করতে পারবেন। | আহ্বায়ক (সকল) উপ-কমিটি, বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন সংক্রান্ত |
| ২. | ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত কর্মসূচির আলোকে স্ব স্ব অধিক্ষেত্রে সকল উপজেলা নির্বাহী অফিসার (নাটোর সদর উপজেলা নির্বাহী অফিসার ব্যতীত) বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা প্রশাসনের সাথে সামঞ্জস্য রেখে নিজ নিজ উপজেলায় কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>খ) বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন অনুষ্ঠান আবশ্যিকভাবে জাতীয় সংগীত ও 'এসো হে বৈশাখ' গান পরিবেশনের মাধ্যমে শুরু করতে হবে।<br>গ) প্রত্যেকটি ইউনিয়নে বাংলা নববর্ষ ১৪৩৩ যথাযথভাবে উদ্‌যাপনের জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর |
| ৩. | বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিতে অংশগ্রহণকারীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য মেডিকেল টিমকে প্রাথমিক চিকিৎসা সরঞ্জামাদিসহ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | সিভিল সার্জন, নাটোর |
| ৪. | ক) পহেলা বৈশাখের অনুষ্ঠানে ভুভুজেলা বাজানো, মানুষের প্রতিকৃতি সম্বলিত প্ল্যাকার্ড ও মুখোশ পরা যাবে না এবং মেলায় ব্যাগ নিয়ে প্রবেশ করা যাবে না; বিষয়টি নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>খ) মেলা চলাকালে মেলাস্থলে মোটর সাইকেল/জীপ/কার/অটোরিক্সা/থ্রি-হুইল/রিক্সা/ভ্যান প্রবেশ করতে পারবে না; বিষয়টি নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>গ) গৃহিত সকল কর্মসূচিতে আইন-শৃংখলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন এবং নাটোর রাজবাড়ীতে প্রবেশের মূল গেটে আর্চওয়ে স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | পুলিশ সুপার, নাটোর |
| ৫. | নাটোর রাজবাড়ীর মেলা চত্বর ধুলাবালি মুক্ত রাখার জন্য পানি ছিটানো ও গৃহীত কর্মসূচিতে অগ্নি নির্বাপণ ব্যবস্থা রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নাটোর |
| ৬. | নাটোর সদর উপজেলা কর্মসূচি জেলা সদরের সাথে একত্রে উদ্‌যাপন করার সিদ্ধান্ত গৃহিত হলো এবং উপজেলা প্রশাসন, নাটোর সদরের সকল কর্মকর্তা-কর্মচারীকে জেলায় গৃহীত কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার নাটোর সদর, নাটোর |
| ৭. | ক) নাটোর শহরের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের শোভাযাত্রায় বর্ণিল সাজে সজ্জিত হয়ে প্ল্যাকার্ড, ফেস্টুনসহ উপস্থিতি নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>খ) জেলার সকল স্কুল, কলেজ ও মাদ্রাসায় বাংলা নববর্ষ-১৪৩৩ নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ১) জেলা শিক্ষা অফিসার, নাটোর<br>২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাটোর |
| ৮. | জেলার কারাগার, হাসপাতাল ও শিশু পরিবারে (এতিমখানায়) ঐতিহ্যবাহী খাবার (খৈ, মুড়ি-মুড়কি, বাতাসা ইত্যাদি) সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। শিশু পরিবারের শিশুদের নিয়ে ঐতিহ্যবাহী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে। | সংশ্লিষ্ট সকল |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৯. | কয়েদিদের তৈরি বিভিন্ন দ্রব্যাদি প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারাবন্দীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের বিষয়ে জেলা শিল্পকলা একাডেমির সহযোগিতা নেয়া যেতে পারে। | জেল সুপার, নাটোর |
| ১০. | অভিজাত হোটেলসমূহে বাংলা নববর্ষ উপলক্ষ্যে ঐতিহ্যবাহী খাবার পরিবেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সভাপতি/সাধারণ সম্পাদক হোটেল মালিক সমিতি, নাটোর |
| ১১. | সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে বাংলা নববর্ষের গুরুত্ব সম্পর্কে সামাজিক যোগাযোগ মাধ্যমে ও বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নাটোর ও সংশ্লিষ্ট সকল |
| ১২. | বাংলা নববর্ষ উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি অনুষ্ঠানমালা আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৩. | ক) নাটোর রাজবাড়ীর মেলা চত্বর পরিষ্কার পরিছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>খ) রাজবাড়ী চত্বরে মেলা প্রাঙ্গণে সুপেয় পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ) অতিথিদের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসক নাটোর পৌরসভা, নাটোর |
| ১৪. | গৃহীত কর্মসূচিতে শব্দ যন্ত্র সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | তথ্য অফিসার জেলা তথ্য অফিস, নাটোর |
| ১৫. | মেলায় নকশী কাঁথা, জামদানি শাড়িসহ অন্যান্য হস্তশিল্প এবং বস্ত্রশিল্পের স্টল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল |
| ১৬. | গৃহীত অনুষ্ঠানমালাকে সাফল্যমন্ডিত করতে সকল সরকারি/আধা-সরকারি/বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ যাতে কর্মস্থল ত্যাগ না করেন এবং জেলার সকল দপ্তর প্রধানকে তাঁদের অধীন কর্মকর্তা-কর্মচারীগণকে নিয়ে দিবসের প্রতিটি অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল |

পরিশেষে বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপনের লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা ও গৃহীত কর্মসূচিসমূহে স্বতঃস্ফূর্ত উপস্থিতি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৬/০৪/২৬

**(আসমা শাহীন)**
জেলা প্রশাসক
নাটোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সাধারণ শাখা)
www.natore.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৬৯০০.০০৬.২৩.০০৬.১৭. ৬৩

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব.............................................................................. (সকল), মন্ত্রণালয়/বিভাগ।
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. পুলিশ সুপার, নাটোর।
৫. ...................................................................................

০৬/০৪/২৬
(তাহেরা হালিম হাজারীকা)
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
ফোন: +৮৮০২৫৮৮৮৭২২৮৭
E-mail: acgennatore@mopa.gov.bd